# পদ্মা অয়েল পিএলসি.

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

সদরঘাট, স্ট্র্যান্ড রোড, চট্টগ্রাম।

Website: www.pocl.gov.bd

E-mail: info@pocl.gov.bd


বিজ্ঞপ্তি নম্বর: ২৮.২২.০০০০.৭০০.১১.১৮১.২৬.৪৭২ তারিখ: ১৭.০৬.২০২৬ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র অঙ্গ প্রতিষ্ঠান পদ্মা অয়েল পিএলসি. এর নিম্নলিখিত স্থায়ী পদের বিপরীতে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://pocl.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতিত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবেনা।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|---|
| ০১. | জুনিয়র অফিসার (রিফুয়েলিং)<br>বেতন স্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ১৪ টি | ক) মাস্টার্স/স্নাতক/বিবিএ/এমবিএ ডিগ্রী। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>খ) লাইট ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>গ) হেভি ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ) বয়স : অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। |
| সর্বমোট | | ১৪ টি | |

**শর্তাবলি:**

১) সকল নিয়োগের ক্ষেত্রে "বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান/ আওতাধীন কোম্পানিসমূহের কর্মকর্তাদের নিয়োগ ও পদোন্নতি নীতিমালা-২০২৪" এবং সংশ্লিষ্ট সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।

২) লিখিত ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩) জিপিএ-তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ/শ্রেণি নির্ধারণের জন্য এতদবিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে।

৪) উল্লিখিত পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী বা সমতুল্য জিপিএ গ্রহণযোগ্য হবে না।

৫) সকল পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সনদ সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জন করতে হবে।

৬) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।

৭) অসম্পূর্ণ/ভুল তথ্য/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮) আবেদনপত্র জমাদানের শেষ তারিখে প্রার্থীর সংশ্লিষ্ট পদের জন্য চাহিত বয়স থাকতে হবে এবং বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি/দে.এস.সি/সমমানের পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসাবে গণ্য হবে এবং বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৯) নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১০) নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৩/০৭/২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

চলমান পাতা- ২/৩

১১) লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে এবং পদ্মা অয়েল পিএলসি এর ওয়েবসাইট (www.pocl.gov.bd) ও বিপিসি এর ওয়েবসাইট (www.bpc.gov.bd) এর মাধ্যমে জানানো হবে।

১২) এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.pocl.gov.bd ও www.bpc.gov.bd এ পাওয়া যাবে।

১৩) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিয়ে পূরণকৃত আবেদন নিয়োগের যেকোন পর্যায়ে বাতিল হবে এবং এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না। কোনো প্রার্থী নিয়োগ লাভের পরও তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪) মৌখিক পরীক্ষার সময় Online এ পূরণকৃত Application Form সহ নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক সেট ফটোকপি দাখিল করতে হবে:

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ। শিক্ষাগত যোগ্যতার সনদে শ্রেণী/গ্রেড উল্লেখ না থাকলে মার্কশিট/ট্রান্সক্রিপ্ট।

খ) বিদেশি কলেজ/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত সমমানের সনদ।

গ) পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ।

ঘ) জাতীয় পরিচয় পত্রের কপি।

ঙ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের কালার ছবি।

১৫) প্রার্থীগণকে চূড়ান্ত নিয়োগ লাভের পূর্বে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৬) সকল নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ০১ (এক) বছরের চাকুরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।

১৭) নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রমের আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন/বাতিল বা পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯) Online - এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলী:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে http://pocl.teletalk.com.bd-এ আবেদনপত্র পূরণ করতে হবে।
আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

i. Online আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ২১ জুন, ২০২৬ (সকাল ১০.০০ টা)।

ii. Online আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ১৬ জুলাই, ২০২৬ (বিকাল ০৫.০০ টা)।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন পত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) pixel ও সদ্যতোলা কালার ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি কালার প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

২০) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ

ক) Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy কালার প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের

জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

Example: ১ম SMS: POCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

২য় SMS: POCL <space> Yes <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

খ) বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল (https://alljobs.teletalk.com.bd) ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pocl.teletalk.com.bd অথবা পিওপিএলসি'র www.pocl.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনের ক্ষেত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

গ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র download পূর্বক কালার প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঘ) শুধু Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ-

i) User ID জানা থাকলে:

Example: POCL Help User ABCDEF & send to 16222.

ii) PIN Number জানা থাকলে POCL<space>Help<space> PIN <space> PIN No & Send to 16222.

Example: POCL Help PIN 12345678 & send to 16222.

ঙ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা www.pocl.gov.bd এর ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject-এ Organization Name: POCL, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

চ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২১) শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মীর মোঃ ফখর উদ্দীন)
মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন)
পদ্মা অয়েল পিএলসি